গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# মিডওয়াইফদের পদায়ন সংক্রান্ত
# গাইডলাইন

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

# সংজ্ঞা

**ক) সার্টিফাইড মিডওয়াইফ :** তিন বছর মেয়াদি নার্সিং ও এক বছর মেয়াদি মিডওয়াইফারি কোর্স সম্পন্নকারী যেসকল সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স আই, সি, এম মান অনুযায়ী ৬ মাস মেয়াদি (Post Basic Midwifery Course সম্পন্নকারী) কোর্স সমাপ্ত করেছেন এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে সনদ গ্রহণ করেছেন।

**খ) ডিপ্লোমা মিডওয়াইফ :** বাংলাদেশ সরকার অনুমোদিত এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল স্বীকৃত কোনো নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান হতে তিন বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স (আই, সি, এম মান অনুযায়ী) সম্পন্ন করে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে রেজিস্ট্রেশন ও লাইসেন্স গ্রহণ করেছেন।

১। ৩ বছর মেয়াদি ডিপ্লোমাধারী মিডওয়াইফগণ বি পি এস সি (BPSC) কর্তৃক সুপারিশ মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হবেন এবং পদায়নের জন্য মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর-এর নিকট ন্যস্ত হবেন। সেসকল মিডওয়াইফকে মহা পরিচালক মিডওয়াইফদের জন্য সৃজনকৃত শূন্য পদের বিপরীতে উপজেলা হেল্‌থ কমপ্লেক্স/ইউনিয়ন সাব সেন্টারে পদায়ন করবেন।

২। উপজেলা হেল্‌থ কমপ্লেক্সে সৃজনকৃত ৪টি মিডওয়াইফ পদের বিপরীতে ন্যূনতম ২টি পদে অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে এবং পরবর্তীতে অন্য ২টি পদেও পদায়ন করতে হবে।

৩। ইউনিয়ন সাব সেন্টারে পদায়নের ক্ষেত্রে যেসব স্থানে মাতৃ ও নবজাতকের সেবা প্রদানের অবকাঠামো ও সেবা সরঞ্জামাদি আছে সেসব স্থানে অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে।

৪। শূন্যপদ পূরণে পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল, হাওড় এলাকা ও প্রত্যন্ত অঞ্চলসমূহে সৃজনকৃত পদসমূহে পদায়নে অগ্রাধিকার প্রদান করতে হবে।

৫। যেসব উপজেলা হেল্‌থ কমপ্লেক্স তুলনামূলকভাবে শূন্য পদের সংখ্যা বেশি সেসকল হেল্‌থ কমপ্লেক্সে আনুপাতিক হারে বেশি সংখ্যক মিডওয়াইফ পদায়ন করতে হবে।

৬। পদায়নের পূর্বে নব নিয়োগকৃত মিডওয়াইফদের নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক তাদের কার্যপরিধি, সরকারি বিধি ও সংশ্লিষ্ট সেবা বিষয়ে ২ (দুই) সপ্তাহের ওরিয়েন্টেশন প্রদান করতে হবে।

৭। স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে যেসব ইউনিয়ন সাব সেন্টারে মাতৃ ও নবজাতক সেবার প্রয়োজনীয় অবকাঠামো ও সেবা সরঞ্জামাদি বিদ্যমান নাই সেসব ক্ষেত্রে পদায়নকৃত মিডওয়াইফদের পদায়নকৃত স্থানের কাছাকাছি H&FWC-তে (এইচ এন্ড এফ ডব্লিউ সি) কাজ করার অনুমতি দেওয়া যেতে পারে। যদি এরূপ পদায়ন সম্ভব না হয় সেক্ষেত্রে নিকটস্থ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সংযুক্তি প্রদান করা যেতে পারে। তবে কোনো অবস্থাতেই জেলা পর্যায়ের হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল বা বিশেষায়িত কোনো হাসপাতালে সংযুক্তি দেওয়া যাবে না।

৮। নতুন পদায়নকৃত কর্মস্থলে ন্যূনতম ৩ বছর চাকুরি সম্পন্ন না করলে কোনো অবস্থাতেই পরবর্তী বদলির আবেদন বিবেচনা করা হবে না। তবে এ বদলি শুধুমাত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন সাব সেন্টার-এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৯। স্বামীর কর্মস্থলে বা কর্মস্থলের নিকটস্থ কোনো প্রতিষ্ঠানে সরকারি নীতিমালা অনুযায়ী স্ত্রীকে সম্ভব হলে পদায়ন করা যেতে পারে। তবে এটি শুধুমাত্র উপজেলা পর্যায়ে বা ইউনিয়ন পর্যায়ে প্রযোজ্য হবে।

১০। চাকুরিতে নিয়োগ লাভের পরে দেশে ও বিদেশে উচ্চতর শিক্ষা/প্রশিক্ষণে বিবেচনার জন্য অন্তত ২ বছর চাকুরিকাল সম্পন্ন করতে হবে, তবে লিয়েন বিবেচনার ক্ষেত্রে ন্যূনতম ৪ বছর চাকুরিকাল সম্পন্ন করতে হবে।

১১। উচ্চ শিক্ষার জন্য তিনশত টাকার (৩০০) নন জুডিশিয়াল স্টাম্পে মুচলেকা দিতে হবে যে, প্রশিক্ষণ বা উচ্চ শিক্ষা শেষে ন্যূনতম ৫ বছর সরকারি চাকুরি সম্পন্ন করবেন এবং একই সাথে তিনি কোনো প্রকার আর্থিক সুবিধাসহ উচ্চতর পর্যায়ের কোনো পদে পদায়ন দাবি করতে পারবেন না।

১২। পদায়নকৃত মিডওয়াইফদের ক্ষেত্রে সকল সরকারি আচরণবিধি এবং অনুমোদিত কার্যপরিধি প্রযোজ্য হবে।

১৩। যেসকল সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স ছয় মাস (৬ মাস) মেয়াদি পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্স সম্পন্ন করেছেন এবং জেলা পর্যায়ের হাসপাতালে বা মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত আছেন তারা ফাংশনাল (functional) মিডওয়াইফ হিসেবে গণ্য হবেন। তাদের কার্যক্রম মেটারনিটি ওয়ার্ড, লেবার রুম এবং গাইনি বহির্বিভাগ, গাইনি ওটি, মাতৃ, নবজাতক ও পরিবার পরিকল্পনা সেবার মধ্যে সীমাবদ্ধ থাকবে। তাদেরকে ভিন্ন ওয়ার্ডে বা অন্য কোনো দায়িত্বে রোটেশন প্রদান করা যাবে না। (অর্থাৎ তাদের দায়িত্ব প্রতিষ্ঠানের সার্বিক মাতৃ, নবজাতক ও প্রজনন স্বাস্থ্যের মধ্যেই সীমাবদ্ধ থাকবে)।

১৪। ৬ মাস মেয়াদি সার্টিফাইড মিডওয়াইফদের ক্ষেত্রেও উচ্চ শিক্ষার জন্য ১১ নং নীতিমালা প্রযোজ্য হবে। একই সাথে তাদেরকে মিডওয়াইফ কোর্স পরিচালনাকারী নার্সিং ইনস্টিটিউটে/প্রশিক্ষণ ইনস্টিটিউটে (ডিসি ইসি) প্রশিক্ষক হিসেবে কাজ করার জন্য পদায়ন/সংযুক্তি প্রেষণ (উচ্চশিক্ষা গ্রহণ সাপেক্ষে) অগ্রাধিকার ভিত্তিতে প্রদান করা যাবে।

১৫। ডিপ্লোমাধারী মিডওয়াইফদের উচ্চতর শিক্ষা শেষে নার্সিং ইনস্টিটিউটে মিডওয়াইফ ইনস্ট্রাক্টর/মিডওয়াইফ ফ্যাকাল্টি হিসেবে পদায়ন বা সংযুক্তি প্রদান করা যাবে।

১৬। প্রশিক্ষক পদে পদায়নের ক্ষেত্রে জেষ্ঠ্যতার সরকারি নীতিমালা অনুসরণ করতে হবে।

১৭। পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল, হাওড় ও প্রত্যন্ত অঞ্চলে যেসকল মিডওয়াইফ ন্যূনতম ৩ বছর চাকুরি সম্পন্ন করবেন তারা দেশে/বিদেশে উচ্চতর প্রশিক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

১৮। মিডওয়াইফদের পদোন্নতির ক্ষেত্রে বিদ্যমান সরকারি নীতিমালা অনুসরনীয়/প্রযোজ্য হবে।

১৯। পার্বত্য, হাওড় ও দূর্গম এলাকায় নির্দিষ্ট সময়কাল চাকুরির পরে যেসব মিডওয়াইফ বদলির মাধ্যমে অন্যত্র পদায়ন পাবেন সেসব শূন্য পদে অগ্রাধিকার ভিত্তিতে পদায়ন করতে হবে।

২০। পরবর্তীকালে পদোন্নতি পদ সৃজন হলে সেসব ক্ষেত্রে নতুনভাবে সংযোজিত নীতিমালা প্রযোজ্য হবে।

২১। শৃংখলা বিরোধী কোনো কার্যক্রমের সাথে জড়িত হলে কর্তৃপক্ষ সরকারি বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

২২। শূন্য পদ থাকা সাপেক্ষে নিজ নিজ বিভাগ/জেলা/উপজেলায় পদায়ন করা যেতে পারে।

২৩। এই নীতিমালা পরবর্তী নীতিমালা না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

UNFPA

UKaid
from the British people

Canada

SWEDEN